# জাতীয় কৃষি আবহাওয়া পরামর্শ সেবা বুলেটিন

**২০ মে (বুধবার)**

[**সময়কালঃ** ২০.০৫.২০২০–২৪.০৫.২০২০]



## ডিসক্লেইমার

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় পরীক্ষামুলকভাবে জাতীয় পর্যায়ে এবং ৬৪ টি জেলায় প্রেরণের লক্ষ্যে কৃষি আবহাওয়া সংক্রান্ত পরামর্শ সেবা সম্বলিত বুলেটিন তৈরী করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

যোগাযোগের ঠিকানাঃ ফারহানা হক, সবুজ রায়
**ই-মেইলঃ** pdamisdp@dae.gov.bd
**ফোনঃ** ০২-৫৫০২৮৪১৪, ০২-৫৫০২৮৪১৮

# মুখ্য কৃষি আবহাওয়া পরামর্শ

উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তরপূর্ব বঙ্গোপসাগর এবং পশ্চিমমধ্য বঙ্গোপসাগরে অবস্থানরত ঘূর্ণিঝড় 'আম্পান' উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে ২০ মে সকাল ০৬ টায় একই এলাকায় অবস্থান করছিল। এটি আরও উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে ২০ মে বিকাল/সন্ধ্যা নাগাদ সুন্দরবনের নিকট দিয়ে পশ্চিমবঙ্গ-বাংলাদেশ উপকূল অতিক্রম করতে পারে।
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী ২৪ ঘণ্টায় খুলনা, বরিশাল, চট্টগ্রাম, রাজশাহী, রংপুর, ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে। সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা ২-৩ ডিগ্রী সে. হ্রাস পেতে পারে। পরবর্তী ৭২ ঘণ্টায় ক্রমান্বয়ে আবহাওয়ার উন্নতি হতে পারে। এছাড়াও, মধ্যমেয়াদি পূর্বাভাস অনুযায়ী আগামী পাঁচ দিনে যথেষ্ট বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে।

**ঘূর্ণিঝড়ের সম্ভাব্য ক্ষতিকর প্রভাব থেকে রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ:**

১। বোরো ধান সংগ্রহ থেকে বিরত থাকুন।

২। সংগ্রহ করা ফসল নিরাপদ জায়গায় নেওয়া সম্ভব না হলে মাঠে গাদা করে পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন যেন ঝোড়ো হাওয়া ও ভারী বৃষ্টিপাতের কারণে ক্ষতি না হয়।

৩। পরিপক্ক সবজি ও ফল সংগ্রহ থেকে বিরত থাকুন।

৪। নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন জমিতে পানি জমে না থাকতে পারে।

৫। দণ্ডায়মান ফসলকে পানির স্রোত থেকে রক্ষার জন্য বোরো ধানের জমির আইল উঁচু করে দিন।

৬। সেচ, সার ও বালাইনাশক প্রয়োগ থেকে বিরত থাকুন।

৭। খামারজাত সকল পণ্য নিরাপদ স্থানে রাখুন।

৮। আখের ঝাড় বেঁধে দিন, কলা ও অন্যান্য উদ্যানতাত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।

৯। পুকুরের চারপাশ জাল দিয়ে ঘিরে দিন যেন ভারী বৃষ্টিপাতের পানিতে মাছ ভেসে না যায়।

১০। গবাদি পশু ও হাঁসমুরগী শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।

১১। মৎস্যজীবীদের সমুদ্রগমন থেকে বিরত থাকার পরামর্শ দেওয়া হলো।

# দেশের বিভিন্ন এলাকার আবহাওয়া পরিস্থিতি

**গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান (২০ মে ২০২০, সকাল ০৬টা পর্যন্ত) এবং ১৯ মে ২০২০ এ সর্বোচ্চ তাপমাত্রা, ২০ মে ২০২০ এ সর্বোনিম্ন তাপমাত্রা নিচে দেওয়া হলোঃ**

| বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্ব্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা | বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্ব্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | ০৭ | ৩৪.৫ | ২৪.৩ | রাজশাহী | রাজশাহী | ০১ | ৩৪.০ | ২৫.০ |
| | টাঙ্গাইল | ০৪ | ৩৩.৬ | ২৪.০ | | ঈশ্বরদী | ০২ | ৩৪.০ | ২৪.৫ |
| | ফরিদপুর | ২১ | ৩৩.০ | ২৪.৩ | | বগুড়া | ০১ | ৩৩.৭ | ২৫.১ |
| | মাদারীপুর | ১৪ | ৩৩.২ | ২৩.৮ | | বদলগাছী | ০০ | ৩৩.৫ | ২৫.৫ |
| | গোপালগঞ্জ | ২১ | ৩৩.০ | ২৩.৪ | | তাড়াশ | সামান্য | ৩৩.০ | ২৫.০ |
| | নিকলি | ০৩ | ৩৩.৪ | ২৪.৫ | | | | | |
| | | | | | রংপুর | রংপুর | ০০ | ৩২.৮ | ২৬.৬ |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ০১ | ৩২.৪ | ২৫.২ | | দিনাজপুর | ২৪ | ৩৩.৬ | ২৩.১ |
| | নেত্রকোনা | সামান্য | ৩২.০ | ২৫.০ | | সৈয়দপুর | ০০ | ৩৪.০ | ২৬.৬ |
| | | | | | | তেঁতুলিয়া | ০২ | ৩০.৩ | ২৪.৯ |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ২০ | ৩৬.৩ | ২৪.৬ | | ডিমলা | ০০ | ৩৩.০ | ২৫.৫ |
| | সন্দ্বীপ | ০৭ | ৩৫.১ | ২৫.১ | | রাজারহাট | ০০ | ৩২.০ | ২৬.০ |
| | সীতাকুন্ড | ২৩ | ৩৬.৩ | ২৪.৩ | | | | | |
| | রাঙ্গামাটি | ৪২ | ৩৭.৩ | ২৪.৬ | খুলনা | খুলনা | ২৬ | ৩৫.০ | ২৪.০ |
| | কুমিল্লা | ২১ | ৩৪.৭ | ২৪.০ | | মংলা | ৫৮ | ৩৪.২ | ২৪.৫ |
| | চাঁদপুর | ১০ | ৩৫.০ | ২৪.২ | | সাতক্ষীরা | ৩৫ | ৩৩.৪ | ২৩.৫ |
| | মাইজদীকোর্ট | ১০ | ৩৫.৫ | ২৪.৫ | | যশোর | ১০ | ৩৪.২ | ২৩.৪ |
| | ফেনী | ৭৫ | ৩৫.০ | ২৪.০ | | চুয়াডাঙ্গা | ০৭ | ৩৩.৭ | ২৩.৮ |
| | হাতিয়া | ২৯ | ৩৪.০ | ২৪.৮ | | কুমারখালী | ১৫ | ৩২.৬ | ২৪.০ |
| | কক্সবাজার | সামান্য | ৩৫.৫ | ২৫.৮ | | | | | |
| | কুতুবদিয়া | ৪০ | ৩৪.৫ | ২৬.০ | বরিশাল | বরিশাল | ৪৯ | ৩৩.৪ | ২৪.০ |
| | টেকনাফ | ০১ | ৩৩.৬ | ২৫.৭ | | পটুয়াখালী | ২৮ | ৩৪.৪ | ২৫.২ |
| | | | | | | খেপুপাড়া | ২৫ | ৩৪.৫ | ২৫.৪ |
| সিলেট | সিলেট | সামান্য | ৩৩.৭ | ২৩.৮ | | ভোলা | ১৪ | ৩৪.৪ | ২৫.০ |
| | শ্রীমঙ্গল | ০৭ | ৩৩.৪ | ২৪.৬ | | | | | |

**প্রধান বৈশিষ্ট্য সমূহঃ-:**


- গত সপ্তাহে দেশের দৈনিক উজ্জ্বল সূর্যকিরণ কালের গড় ৫.০০ ঘন্টা ছিল ।
- গত সপ্তাহে দেশের দৈনিক বাষ্পীভবনের গড় ৩.৫০ মিঃ মিঃ ছিল।


## সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ


**পূর্বাভাসঃ** খুলনা, বরিশাল, চট্টগ্রাম, রাজশাহী, রংপুর, ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা ঃ** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা (২-৩) ডিগ্রি সেঃ হ্রাস পেতে পারে।

## সপ্তাহের শেষে (১৯ মে ২০২০ পর্যন্ত) আবহাওয়া প্যারামিটারের স্থানিক বন্টন




Minimum Temperature (°C)
(13/05/2020 - 19/05/2020)
(°C)
22 24 26 28
Anomaly Minimum Temperature (°C)
(13/05/2020 - 19/05/2020)
(°C)
-2 0 2 4
Diurnal Temperature (°C)
(13/05/2020 - 19/05/2020)
(°C)
7 9 11
Anomaly Diurnal Temperature (°C)
(13/05/2020 - 19/05/2020)
(°C)
-2 0 2


Maximum Humidity (%)
(13/05/2020 - 19/05/2020)
(%)
88 91 94 97 100
Minimum Humidity (%)
(13/05/2020 - 19/05/2020)
(%)
42 48 54 60 66
Wind Speed (knots)
(13/05/2020 - 19/05/2020)
(knots)
0 1 2 3 4 5
Cloud Amount (Octa)
(13/05/2020 - 19/05/2020)
(Octa)
2 4 6 8

# আবহাওয়া পূর্বাভাস


## আবহাওয়া পূর্বাভাস ১৭/০৫/২০২০ হতে ২৬/০৫/২০২০ তারিখ পর্যন্ত:


এ সপ্তাহে দৈনিক উজ্জ্বল সূর্য কিরণ কাল ৪.৫০ থেকে ৫.৫০ ঘন্টার মধ্যে থাকতে পারে ।


আগামী সপ্তাহের বাষ্পীভবনের দৈনিক গড় ৩.০০ মিঃ মিঃ থেকে ৪.০০ মিঃ মিঃ থাকতে পারে।


- এ সময়ের প্রথম তিন দিন দেশের কিছু কিছু স্থানে অস্থায়ী দমকা/ঝড়ো হাওয়াসহ হাল্কা (০৪-১০ মি. মি./প্রতিদিন) থেকে মাঝারি (১১-২২ মি. মি./প্রতিদিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে এবং সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি. মি./প্রতিদিন) বর্ষণের সম্ভবনা রয়েছে।
- ঘূর্ণীঝড় **"আম্পান"** এর প্রভাবে এ সময়ে দেশের অনেক স্থানে অস্থায়ী দমকা/ঝড়ো হাওয়াসহ মাঝারী (১১-২২ মি. মি./প্রতিদিন) থেকে মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি. মি./প্রতিদিন) বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে এবং সেই সাথে দেশের কোথাও কোথাও ভারী (৪৪-৮৮ মি. মি./প্রতিদিন) থেকে অতি ভারী (>৮৮ মি. মি./প্রতিদিন) বর্ষণের সম্ভবনা রয়েছে।
- এ সময়ে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে ।


## আগামী ৫ দিনের জেলাওয়ারী পরিমানগত আবহাওয়া পূর্বাভাস (২০ মে হতে ২৪ মে ২০২০ পর্যন্ত)









Minimum Temperature (°C)
(20/05/2020 - 24/05/2020)
(°C)
24 25 26 27 28






Diurnal Temperature (°C)
(20/05/2020 - 24/05/2020)
(°C)
4 6 8 10


Maximum Humidity (%)
(20/05/2020 - 24/05/2020)
(%)
62 67 72 77 82


Minimum Humidity (%)
(20/05/2020 - 24/05/2020)
(%)
57 63 69 75 81



Wind Speed (knots)
(20/05/2020 - 24/05/2020)
2 4 6 8
(knots)

# বাংলাদেশের উপর বিভিন্ন উপগ্রহ **থেকে প্রাপ্ত তথ্যঃ**

<table>
<tr>
<td>NOAA/VIIRS BLENDED NDVI composite for the week. No. 19 (05 May -11 May 2020) over Agricultural regions of Bangladesh<br></td>
<td>NOAA/ AVHRR BLENDED VCI composite for the week No. 19 (05 May -11 May 2020) over Agricultural regions of Bangladesh<br></td>
</tr>
<tr>
<td>NOAA/ AVHRR BLENDED TCI composite for the week No. 19 (05 May -11 May 2020) over Agricultural regions of Bangladesh<br></td>
<td>NOAA/ AVHRR BLENDED VHI composite for the week No. 19 (05 May -11 May 2020) over Agricultural regions of Bangladesh<br></td>
</tr>
</table>

## Monitoring Meteorological Drought in Bangladesh using Standardized Precipitation Index (SPI)

দেখা গেছে যে গত চার সপ্তাহে (মে ২০২০) দক্ষিণ এবং কেন্দ্রীয় অংশ জেলাসমূহ অতিমাত্রায় ভেজা পরিস্থিতি ছিল এবং কেন্দ্রীয় অংশ হালকা থেকে মাঝারি ধরনের ভেজা পরিস্থিতি ছিল । বাংলাদেশের উত্তরপূর্ব, দক্ষিণ-পূর্বাঞ্চলগুলিতে সামান্য অংশ চরম শুক পরিস্থিতি বিরাজমান ছিল ।




ডেটা সোর্স: বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর